একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

## মাদ্‌রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com

ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-১৮০/২০১৭/১৪৯২১ তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ২৯ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

শাকপুরা দারুচ্ছুন্নাত কামিল মাদরাসা, ডাকঘরঃ শাকপুরা, উপজেলাঃ বোয়ালখালী, জেলাঃ চট্টগ্রাম-এর কামিল (স্নাতকোত্তর) তাফসীর বিভাগ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১২.০২.২০২৫ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি-২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদ্‌রাসাটির কামিল (স্নাতকোত্তর) তাফসীর স্তরের বিভাগ নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২৫ খ্রিঃ থেকে ৩০.০৬.২০২৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো ঃ

**শর্তসমূহ ঃ**

০১. মাদরাসার কামিল স্তরে ছাত্র-ছাত্রীর সংখ্যা খুবই কম, ১ম বর্ষে ০৪ জন এবং ২য় বর্ষে ০৯ জন, কামিল স্তরে ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করা প্রয়োজন।

০২. লাইব্রেরীর বইয়ের সংখ্যা মাদরাসার অধ্যক্ষ যত উল্লেখ করেছেন প্রকৃতপক্ষে বইয়ের সংখ্যা তত নাই, লাইব্রেরীতে রেফারেন্স বইয়ের সংখ্যা বৃদ্ধি করা প্রয়োজন।

০৩. দীর্ঘদিন ধরে মাদরাসার উপাধ্যক্ষ পদ শূন্য, দ্রুততম সময়ের মধ্যে উপাধ্যক্ষ পদসহ সকল শূন্য পদে নিয়োগের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন অন্যথায় মাদরাসার পাঠদান কার্যক্রম ব্যাহত হচ্ছে।

০৪. মাদরাসার গভর্নিং বডি কর্তৃক অভ্যন্তরীণ অডিট কমিটি, ক্রয় কমিটি, সাংস্কৃতিক কমিটি এবং একাডেমিক কমিটি নেই, গভর্নিং বডি কর্তৃক সকল কমিটি গঠনপূর্বক মাদরাসার আয়-ব্যয় নিরীক্ষা, ক্রয় এবং একাডেমিক কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করা প্রয়োজন।

০৫. মাদরাসার কোন অখন্ড জমির সনদ নেই এবং দুরুত্ব সনদ নেই। পরিদর্শনের সময় পরিদর্শনকারী কর্মকর্তার কাছে প্রতীয়মান হয় যে মাদরাসার জমিসহ স্থাবর অস্থাবর সম্পদের যথাযথ হিসেব মাদরাসার অধ্যক্ষের কাছে নেই। মাদরাসার অধ্যক্ষকে সকল ধরণের সম্পদের যথাযথ হিসেব দ্রুততম সময়ের মধ্যে অভ্যন্তরীণ অডিট কমিটির মাধ্যমে অডিট করিয়ে তার প্রতিবেদন বিশ্ববিদ্যালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা যেতে পারে।

০৬. অভিভাবক সমাবেশ ও শিক্ষার্থীদের মোটিভেশনাল প্রোগ্রাম করতে হবে;

০৭. অধিভূক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

২৯/০৭/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ও
মাদ্‌রাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদ্‌রাসা পরিদর্শন দফতর
মোবাইলঃ ০১৭০৫-৪০৮০০১

অধ্যক্ষ
শাকপুরা দারুচ্ছুন্নাত কামিল মাদরাসা
ডাকঘরঃ শাকপুরা, উপজেলাঃ বোয়ালখালী, জেলাঃ চট্টগ্রাম

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/১৮০/২০১৭/১৪৯২১ (৭) তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ২৯ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ**

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পি.এস টু ভিসি, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, শাকপুরা দারুচ্ছুন্নাত কামিল মাদরাসা, ডাকঘরঃ শাকপুরা, উপজেলাঃ বোয়ালখালী, জেলাঃ চট্টগ্রাম
৭. অফিস নথি।

29/07/25

(ছায়েদ আহাম্মদ মজুমদার)
সেকশন অফিসার
মাদ্‌রাসা পরিদর্শন দফতর
মোবাইলঃ ০১৮২০-২৯২৫৩২